

■ আশ-ভূআ'রা | Ash-Shu'ara | الشُّعَرَاء

আয়াতঃ ২৬: ৮০

💵 আরবি মূল আয়াত:

وَ إِذَا مَرِضتُ فَهُوَ يَشْفِينِ ﴿٨٠﴾

🗚 অনুবাদসমূহ:

'আর যখন আমি অসুস্থ হই, তখন যিনি আমাকে আরোগ্য করেন'। — আল-বায়ান আর আমি যখন পীড়িত হই তখন তিনিই আমাকে আরোগ্য করেন। — তাইসিরুল এবং অসুস্থ হলে তিনিই আমাকে রোগমুক্ত করেন। — মুজিবুর রহমান

And when I am ill, it is He who cures me — Sahih International

৮০. এবং রোগাক্রান্ত হলে তিনিই আমাকে আরোগ্য দান করেন(১);

(১) অর্থাৎ আমি যখন অসুস্থ হই, তখন তিনিই আমাকে আরোগ্য দান করেন। এখানে লক্ষণীয় ব্যাপার যে, রোগাক্রান্ত হওয়াকে ইবরাহীম আলাইহিস সালাম তার নিজের দিকে সম্পর্কযুক্ত করেছেন, যদিও আল্লাহর নির্দেশেই সবকিছু হয়। এটাই হল আল্লাহর সাথে আদাব বা শিষ্টাচার। [দেখুন: বাগভী, কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

(৮০) এবং রোগাক্রান্ত হলে তিনিই আমাকে রোগমুক্ত করেন; [1]

[1] রোগ দূর করে আরোগ্য দানকারীও তিনিই। অর্থাৎ ঔষধের প্রভাব-প্রতিক্রিয়ায় রোগ দূর করার ক্ষমতা তাঁরই নির্দেশে। তাঁর নির্দেশ ছাড়া ঔষধ কোন কাজ দেয় না। রোগও আল্লাহর ইচ্ছা ও আদেশেই হয়, কিন্তু তা সত্ত্বেও ইবরাহীম (আঃ) তার সম্পর্ক আল্লাহর দিকে করেননি; বরং নিজের দিকে করেছেন। তিনি আল্লাহর কথা উল্লেখের সময় আদবের বড় খেয়াল রেখেছেন।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3012

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন